দৈনিক সংবাদ 16

তারিখ 08 FEB 1996
পৃষ্ঠা ৪ কলাম ৬

## ছাত্রী উপবৃত্তির সম্প্রসারণ চাই

নারী শিক্ষা বিস্তারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়, স্কুলের ছাত্রীদেরকে উপবৃত্তি প্রদানের ব্যবস্থা করায় গ্রামাঞ্চলে ছাত্রী সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে এবং অনেক এলাকাতে ছাত্রী সংখ্যা, ছাত্র সংখ্যার দ্বিগুণ/তিন গুণ হয়ে পড়েছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ১৯৯৫ ইং হতে দূর শিক্ষণে এস.এস.সি প্রোগ্রাম চালু করেছে এবং এ প্রোগ্রামেও ছাত্রী সংখ্যা লক্ষ্যণীয়ভাবে বৃদ্ধি পাচ্ছে। যদি সাধারণ স্কুলের ছাত্রীদের মতো বাউবি'র দূরশিক্ষণে এসএসসি প্রোগ্রামের ছাত্রীদেরকে উপবৃত্তি প্রদানের ব্যবস্থা করা যায়, তবে ছাত্রীসংখ্যা ৮–১০ গুণ পর্যন্ত বৃদ্ধি করা সম্ভব হবে এবং নারী শিক্ষার বৈপ্লবিক পরিবর্তন ঘটবে।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

প্রণব কুমার দেব
সমন্বয়কারী
বাউবি এস.এসসি প্রোগ্রাম
তাহিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ